খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

ভর্তির জন্য অনলাইনে বিভাগ পছন্দের ফরম পূরণ ও ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

(২০১৯-২০২০ শিক্ষাবর্ষ, ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্স)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ইং শিক্ষাবর্ষে বিভিন্ন বিভাগে ১ম বর্ষ বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে শিক্ষার্থী ভর্তির জন্য গত ১৮ অক্টোবর, ২০১৯ইং তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ১ম, ২য় ও ৩য় পর্যায়ে মেধা তালিকার ১ম হইতে ৩৮০০তম প্রার্থীকে ১০৬৫ টি আসনে ভর্তির জন্য (আসন খালি থাকা সাপেক্ষে) সনদপত্র যাচাই কমিটির বোর্ডে উপস্থিত হওয়ার জন্য বলা হয়।

৪র্থ পর্যায়ে মেধা তালিকার ৩৮০১তম হইতে ৪২০০তম প্রার্থীকে আগামী **২২/১২/২০১৯ইং তারিখ সকাল ১০-০০ ঘটিকা হইতে ২৮/১২/২০১৯ইং তারিখ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত বিভাগ পছন্দক্রম ফরম admission.kuet.ac.bd -ওয়েব সাইটে online-এর মাধ্যমে পূরণ করিয়া Submit করিতে হইবে** এবং পছন্দক্রম ফরমটি প্রিন্ট করিয়া যাচাই কমিটির সামনে উপস্থাপন করিবার জন্য সংরক্ষণ করিতে হইবে। উল্লেখ্য, বিভাগ পছন্দক্রম ফরম জমা দেওয়ার বিষয়টি ভর্তির জন্য কোন নিশ্চয়তা প্রদান করিবে না। কোনো বিভাগে ভর্তি সম্পূর্ণরূপে মেধার ভিত্তিতে, পছন্দক্রম অনুসারে ও আসন খালি থাকা সাপেক্ষে হইবে।

০৮/১২/২০১৯ইং তারিখ পর্যন্ত ভর্তির পর খালি আসনের তালিকা (Updated on: ০৯/১২/২০১৯ইং)

CE Faculty				EEE Faculty					ME Faculty						
CE	BECM	URP	Arch.	EEE	CSE	ECE	BME	MSE	ME	IEM	LE	TE	ESE	ChE	MTE
0	0	31	0	0	0	0	0	0	0	0	8	0	0	0	0

মেধা তালিকার ৩৮০১তম হইতে ৪২০০তম প্রার্থীর বিভাগ পছন্দ পূরণকৃত ফরম, রিপোর্টিং ও ভর্তি সংক্রান্ত তারিখ ও সময়সূচি	
অনলাইনে বিভাগ পছন্দ ফরম পূরণ	২২/১২/২০১৯ইং রোজ রবিবার সকাল ১০-০০ ঘটিকা হইতে ২৮/১২/২০১৯ইং রোজ শনিবার বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত
রিপোর্টিং-এর স্থান, তারিখ ও সময়	Student Welfare Centre (SWC), KUET ২৯/১২/২০১৯ইং, রোজ রবিবার সকাল ৯-০০ ঘটিকা হইতে সকাল ১১-৩০ ঘটিকা পর্যন্ত
মূল সনদপত্রাদি ও বিভাগ পছন্দক্রম শীট যাচাই ও জমাদান শুরু	২৯/১২/২০১৯ইং, রোজ রবিবার, সকাল ১০-০০ ঘটিকা
স্বাস্থ্য পরীক্ষা শুরু	২৯/১২/২০১৯ইং, রোজ রবিবার, সকাল ১০-৩০ মিনিট
বিভাগ পছন্দক্রম, মেধাক্রম ও আসন খালি থাকা সাপেক্ষে উপস্থিত প্রার্থীদের সম্ভাব্য বিভাগ বরাদ্দ	২৯/১২/২০১৯ইং, রোজ রবিবার, বেলা ২-৩০ ঘটিকা
ভর্তিচ্ছু প্রার্থীর ভর্তির ফিস জমা প্রদানের ফরম স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার থেকে সংগ্রহ করে জনতা ব্যাংক, কুয়েট কর্পোরেট শাখায় ফিস প্রদান	২৯/১২/২০১৯ইং, রোজ রবিবার (বেলা ২-৩০ ঘটিকা হইতে বিকাল ৪-০০ ঘটিকা)
ব্যাংকে ফিস জমাদান পূর্বক শিক্ষা শাখার কপি অফিসে জমা দিয়া ভর্তির নিশ্চিতপত্র (Confirmation Letter of Admission) গ্রহণ	২৯/১২/২০১৯ইং, রোজ রবিবার বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত

ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের ভর্তির জন্য করণীয় ধাপসমূহঃ

ধাপ-১ ঃ ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের admission.kuet.ac.bd website-এ Application Sl. No. ও Password ব্যবহার করিয়া Dashboard-এ প্রবেশ করিয়া ২২/১২/২০১৯ইং তারিখ সকাল ১০-০০ ঘটিকা হইতে ২৮/১২/২০১৯ইং তারিখ বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে বিভাগ পছন্দক্রমের ফরম পূরণ করিয়া Online এ Submit করিতে হইবে। উল্লেখ্য, ২২/১২/২০১৯ইং তারিখ হইতে ২৮/১২/২০১৯ইং তারিখ বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত বিভাগ পছন্দক্রম ফরমটি প্রয়োজনে পরিবর্তন করিয়া পুনরায় Submit করা যাইবে। ছাত্র/ছাত্রী কর্তৃক আনীত বিভাগ পছন্দের ফরমের সাথে অফিস হইতে সরবরাহকৃত বিভাগ পছন্দের ফরমটি মিলিয়ে স্বাক্ষর করে সনদপত্রসমূহের সাথে কমিটির নিকট চূড়ান্তভাবে জমা দিতে হইবে।

ধাপ-২ ঃ ২৯/১২/২০১৯ইং তারিখে সকাল ০৯-০০ ঘটিকা হইতে সকাল ১১-৩০ ঘটিকার মধ্যে কুয়েট ক্যাম্পাসে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে (SWC) শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত নিম্নলিখিত সনদপত্রসমূহ সাথে নিয়ে রিপোর্ট করিতে হইবে। **তবে ২৯/১২/২০১৯ইং তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে রিপোর্ট করতে ব্যর্থ হইলে প্রার্থীর মেধাক্রম বাতিল বলে বিবেচিত হইবে।**

* বোর্ড কর্তৃক প্রদত্ত মূল (Original) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীটসমূহ
* উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্র/রেজিস্ট্রেশন কার্ড
* মাধ্যমিক পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রশংসা পত্র

০৭/১২/২০১৯

* সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি
* স্বাক্ষরসহ বিভাগ পছন্দক্রম ফরম
* সংরক্ষিত আসনে ভর্তির জন্য ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী প্রার্থীদের বাংলাদেশের নাগরিকত্ব সনদ সহ ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী এর প্রমাণ স্বরূপ স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান/ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী মোড়লের নিকট হতে সনদ।

ধাপ-৩ ঃ ক) নির্দিষ্ট যাচাই কমিটির বোর্ডে স্বাক্ষরসহ বিভাগ পছন্দের ফরম ও সাথে আনীত সকল সনদপত্রসমূহ জমা দিতে হইবে।

খ) যাচাই কমিটি কর্তৃক স্বাক্ষরিত 'সনদপত্র জমার ফরম' সংগ্রহ করে যত্ন সহকারে সংরক্ষণ করিতে হইবে। (সনদপত্রসমূহ ফেরত নেওয়ার সময় উক্ত ফরমটি জমা দিতে হইবে)

ধাপ-৪ ঃ ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদেরকে যাচাই কমিটির বোর্ড হইতে বাহির হয়ে স্বাস্থ্য পরীক্ষার জন্য ২০০ (দুইশত) টাকা জমা দিয়ে নির্ধারিত মেডিকেল বোর্ডে উপস্থিত হইতে হইবে।

ধাপ-৫ ঃ বিভাগ বরাদ্দের পর ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের ২৯/১২/২০১৯ইং তারিখ রোজ রবিবার (বেলা ২-৩০ ঘটিকা হইতে বিকাল ৪-০০ ঘটিকা) ভর্তির জন্য নির্ধারিত ফি ১৭,৫৭৫/- (সতের হাজার পাঁচশত পঁচাত্তর) টাকা কুয়েট ক্যাম্পাসে অবস্থিত জনতা ব্যাংকে জমা দিতে হইবে।

ধাপ-৬ ঃ ভর্তি ফিস ব্যাংকে জমা দেওয়ার পর শিক্ষা শাখার কপিটি স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিয়ে ভর্তির Confirmation পত্র সংগ্রহ করিতে হইবে।

বি:দ্র:

১। **যাচাই-বাছাই কমিটির নিকট চুড়ান্ত বিভাগ পছন্দক্রম স্বাক্ষরসহ জমা দেওয়ার পর তাহা আর পরিবর্তন করা যাইবে না।**

২। **প্রাপ্ত বিভাগে ভর্তির পর ভর্তিকৃত প্রার্থীর পছন্দ অনুযায়ী ও মেধাক্রমের ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে (Auto Migration) বিভাগ পরিবর্তন হইয়া যাইবে। তবে ভর্তিকৃত বিভাগ পরিবর্তন করিতে না চাহিলে অবশ্যই ''Auto Migration'' বন্ধের জন্য নির্ধারিত আবেদনপত্র ২৯/১২/২০১৯ইং বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে নির্ধারিত কর্মকর্তার নিকট জমা দিতে হইবে।**

৩। **জমাকৃত মূল (Original) সনদপত্র, প্রশংসাপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীটসমূহ ভর্তি বাতিল করিলে অথবা ভর্তি না হইলে ফেরত পাওয়া যাইবে।**

৪। **নির্ধারিত দিনে আসন পূর্ণ হওয়ার পর উপস্থিত অতিরিক্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হইবে না। তবে তাহাদেরকে ভর্তির জন্য অপেক্ষমান তালিকায় রাখা হইবে। কোন কারনে ওরিয়েন্টেশনের পূর্বের দিন পর্যন্ত (ওরিয়েন্টেশনের সম্ভাব্য তারিখ ২৩/০১/২০২০ইং) আসন খালি হইলে উক্ত রিপোর্টিংকৃত প্রার্থীদের মধ্য হইতে মেধাক্রম অনুযায়ী ভর্তি করা হইবে।**

৫। **আসন খালি থাকা সাপেক্ষে পরবর্তী মেধা তালিকা হইতে ভর্তির বিজ্ঞপ্তি আগামী ৩০/১২/২০১৯ইং তারিখে প্রকাশ করা হইবে।**

৬। **সর্বশেষ খালি আসনের তথ্য ২২/১২/২০১৯ইং তারিখে প্রকাশ করা হবে।**

২১/১২/২০১৯

(প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ)
সভাপতি, ভর্তি পরীক্ষা কমিটি, শিক্ষাবর্ষঃ ২০১৯-২০২০
ও
ডীন, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়